গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

সুরক্ষা সেবা বিভাগের ফেব্রুয়ারি, ২০২৪-এর মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২৫ ফেব্রুয়ারি, ২০২৪ |
| সভার সময় | দুপুর ১২.৩০টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপে বিষয়বস্তুসমূহ উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ** : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান জানুয়ারি, ২০২৪-এর কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া না যাওয়ায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় জানুয়ারি, ২০২৪ এর কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | --- |
| ২ | **মসবৈ-১০(০৬)/২০২৩, তারিখ : ১২ জুন ২০২৩ : বিষয়-১ : 'জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২৩'-এর খসড়ার নীতিগত/চূড়ান্ত অনুমোদন।**<br><br>সভাকে জানানো হয়, জাতীয় পরিচয় নিবন্ধন আইন-২০২৩ এর মর্মানুযায়ী সুরক্ষা সেবা বিভাগে এনআইডি অনুবিভাগ সৃজনের নিমিত্ত ২৫টি (অতিরিক্ত সচিব-১টি, উপসচিব-২টি, সিনিয়র সহকারী সচিব-৪টি, ব্যক্তিগত কর্মকর্তা-৩টি, প্রশাসনিক কর্মকর্তা-৪টি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-৪টি এবং অফিস সহায়ক-৭টি) পদ সৃজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১২/১২/২০২৩ তারিখের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০২৩-২৪ অর্থবছরের ৭ম সভায় অনুমোদিত হয়েছে। উক্ত ২৫টি পদের মধ্যে ৭টি ক্যাডার পদ সৃজনের সরকারি পত্র (জি.ও) জারীর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ১৮টি সহায়ক কর্মচারীর পদ সৃজনে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের নিমিত্ত ১৯/০২/২০২৪ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সারসংক্ষেপ প্রেরণ করা হয়েছে। | ১) জনপ্রশাসন মন্ত্রণালয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখার মাধ্যমে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | **অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)** |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **মসবৈ-১৯(১০)/২০১৯, তারিখ : ২৮ অক্টোবর ২০১৯ :**<br><br>**বিষয় : সাউথ আফ্রিকার সঙ্গে স্বাক্ষরের জন্য সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'Agreement between The Government of the Republic of South Africa and The Government of the People's Republic of Bangladesh regarding the waiver of visa requirements for holders of Diplomatic and Official Passports'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।**<br><br>সভাকে জানানো হয়, বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে চুক্তিটি স্বাক্ষরের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৪/০৭/২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে চুক্তি স্বাক্ষরের সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য ০৪/০১/২০২৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে যথাযথ কার্যক্রম সম্পাদনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |
| ৪ | **মসবৈ-০৭(০৪)/২০২৩, তারিখ : ১০ এপ্রিল ২০২৩ :**<br><br>**বিষয় : সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত 'Memorandum of Understanding (MoU) Between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Iraq on Visa Exemption for holders of Diplomatic, Official and Service Passport'-এর খসড়া অনুমোদন করা হইল।**<br><br>সভাকে জানানো হয়, ইরাক সরকারের পক্ষ হতে উভয় দেশের সরকারের পরিবর্তে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে চুক্তি স্বাক্ষরের অনুরোধ জানানো হয়েছে বিধায় বিষয়টি সুরক্ষা সেবা বিভাগে পর্যালোচনাধীন রয়েছে। | ১) বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত খসড়া চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১ :**<br><br>**বিষয় : সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।**<br><br>সভাকে জানানো হয়, বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে চুক্তিটি ভেটিং এর জন্য ০১/০৮/২০২৩ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে চুক্তিটির মৌলিক বিষয়বস্তু অক্ষুন্ন রেখে বিভিন্ন Article এর প্রয়োজনীয় সংশোধন এবং Article 5(5) বাতিলের জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হলে ভেটিংকৃত চুক্তিটির বিষয়ে মালদ্বীপ সরকারের মতামত গ্রহণের জন্য ১০/০৯/২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে ২৩/০১/২০২৪ তারিখে মালদ্বীপ সরকার পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকার কর্তৃক ভেটিংকৃত খসড়া চুক্তিটিতে Article 5(5) বহালপূর্বক সুস্পষ্ট Comments সহ বাংলাদেশ সরকারের মতামত গ্রহণের জন্য এ বিভাগে প্রেরণ করলে পুনরায় চুক্তিটি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য ১৪/০২/২০২৪ তারিখে প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে বন্দি বিনিময় চুক্তিটির ভেটিং কার্যক্রম সম্পন্নের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ১ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |
| ৬ | **মসবৈ-১৪(০৮)/২০২৩, তারিখ: ২৮ আগস্ট ২০২৩**<br><br>**বিষয় : বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে 'Memorandum of Understanding between the Government of the United Arab Emirates and the Government of the People's Republic of Bangladesh on Entry Visa Requirements'-এর খসড়া অনুমোদন করা হইলো।**<br><br>সভাকে জানানো হয়, বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে সমঝোতা-স্মারক স্বাক্ষরের সর্বশেষ অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য ০৪/০১/২০২৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |

| | | | |
|---|---|---|---|
| ৭ | **মসবৈ-১৬(১০)/২০২৩, তারিখ: ০৯ অক্টোবর ২০২৩ :**<br><br>**বিষয় : সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও আলজেরিয়া সরকারের মধ্যে 'Agreement between the Government of the People's Democratic Republic of Algeria and the Government of the People's Republic of Bangladesh on Mutual Exemption of Visa Requirements for Holders of Diplomatic, Service and Official Passports'-শীর্ষক খসড়া চুক্তির প্রস্তাব অনুমোদন করা হইলো।**<br><br>সভাকে জানানো হয়, বাংলাদেশ ও আলজেরিয়া সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন করা হয়েছে এবং স্বাক্ষরের জন্য ০২/১১/২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে ০৪/১/২০২৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও আলজেরিয়া সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের নিমিত্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |
| ৮ | **মসবৈ-১৮(১১)/২০২৩, তারিখ: ২৭ নভেম্বর ২০২৩ :**<br><br>**বিষয় : সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও কাজাখস্তান সরকারের মধ্যে স্বাক্ষরিত 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government the Republic of Kazakhstan on Exemption from Visa requirements for Holders Diplomatic and Service/Official Passports'- শীর্ষক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হইলো।**<br><br>সভাকে জানানো হয়, বাংলাদেশ ও কাজাখস্তান সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি ২২/০৯/২০২৩ তারিখে স্বাক্ষরিত হয়েছে এবং মন্ত্রিসভা-বৈঠকে ২৭/১১/২০২৩ তারিখে অনুসমর্থনের প্রস্তাব অনুমোদিত হয়েছে। চুক্তিটি কার্যকর এবং বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টের নমুনা (Blank sample) কপি ০৩/০১/২০২৪ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও কাজাখস্তান সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |

| | | | |
|---|---|---|---|
| ৯ | **মসবৈ-০৫(০২)/২০১৬, তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০১৬ : বিষয় : 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন।**<br><br>সভাকে জানানো হয়, বাংলাদেশ নাগরিকত্ব আইন-২০১৬ গত ০১/০২/২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাবিত আইনের কিছু ধারা-উপধারায় সংশোধনী আনয়ন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন করা হয়। সে অনুযায়ী প্রস্তাবিত আইন সংশোধনক্রমে ভেটিং এর জন্য ২৮/০৩/২০১৬ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। গত ০২/০৮/২০১৭ তারিখে খসড়া আইনের বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং সিনিয়র সচিব আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে বাংলাদেশ নাগরিকত্ব আইন-২০১৬ এর ভেটিং গ্রহণের লক্ষ্যে ০৭/০৫/২০১৮ তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং কার্যক্রমের অগ্রগতি অদ্যাবধি পাওয়া যায়নি। এ সংক্রান্ত যোগাযোগ অব্যাহত আছে। | ১) 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর ভেটিং কার্যক্রম সম্পন্নের খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/ উপসচিব (বহিঃ ৩ শাখা), সুরক্ষা সেবা বিভাগ** |

| | | | |
|---|---|---|---|
| ১০ | **মসবৈ-২৯(১০)/২০০৬, তারিখঃ ০৯-১০- ২০০৬ :**<br><br>**বিষয় : Jail Code Rules এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**<br><br>**৮.৪। Jail Code Rules এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।**<br><br>সভাকে জনানো হয়, The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২৪" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। এ খসড়ার ওপর ১২/০৩/২০২৩ তারিখ একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত এবং পরবর্তীতে এ বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতের আলোকে খসড়া সংশোধন করা হয় এবং জনমত যাচাইয়ের লক্ষ্যে খসড়াটি ১০/০১/২০২৪ তারিখ পর্যন্ত এ বিভাগের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশ করে রাখা হয়। উক্ত খসড়ার ওপর কিছু মতামত পাওয়া যায়। পরবর্তীতে এ পর্যন্ত সংশোধিত খসড়া পর্যালোচনার লক্ষ্যে ১৩/০২/২০২৪ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। এ সংক্রান্ত ২য় সভা আগামী ২৭/০২/২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় আহ্বান করা হয়েছে।<br><br>জেল কোড বিধিমালার খসড়া প্রণয়নের জন্য এ বিভাগ হতে ২৫/০৫/২০২৩ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি বর্তমানে খসড়া প্রণয়নের কাজ করছে। | ১) The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় 'কারা ও সংশোধন পরিষেবা আইন-২০২২' এর খসড়া চূড়ান্তকরণের অগ্রগতি আগামী সমন্বয়সভার পূর্বেই অবহিত করতে হবে।<br><br>২) বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতঃ এর আলোকে Jail Code-এর খসড়া প্রণয়নের কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয়সভার পূর্বেই অবহিত করতে হবে। | **আইজি প্রিজন/যুগ্মসচিব (কারা অনুবিভাগ)/সংশ্লিষ্ট উপকমিটি** |
| ১১ | **মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ: ২৬ আগস্ট ২০১৯ :**<br><br>**বিষয় : ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।**<br><br>সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনের সংখ্যা ১১টি। তন্মধ্যে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৮টি আইন এবং কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন বিদ্যমান আছে।<br><br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**<br>1. The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973)<br>2. The Passport Act, 1920)<br>3. The Registration of Foreigners Act, 1939<br>4. The Foreigners Act, 1946 | ১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>২) মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৮টি ও | **সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/বহিরাগমন-৪ শাখা প্রধান** |

| | | | |
|---|---|---|---|
| | 5. The Citizenship Act, 1951<br>6. The Passport (Offences) Act, 1952<br>7. The Control of Entry Act, 1952<br>8. The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972.<br><br>The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973) এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন ২০২৩ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট আইন, ২০২৩ প্রণয়ন করা হলে The Bangladesh Passport Order, 1973; The Passport Act, 1920 এবং The Passport (Offences) Act, 1952 রহিত হতে পারে। বাংলাদেশ পাসপোর্ট আইন-২০২৩ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ২৩/০১/২০২৪ তারিখে অতিরিক্ত সচিবের (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ) সভাপতিত্বে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>The Citizenship Act, 1951; The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972 আইন দুটির আলোকে বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়া ভেটিং এর জন্য ২৮/০৩/২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>The Registration of Foreigners Act, 1939; The Foreigners Act, 1946 & The Control of Entry Act, 1952 আইন ৩টি বাংলায় প্রণয়নপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রমিতীকরণ করা হয়। পরবর্তীতে উক্ত আইনসমূহের ভেটিং গ্রহণের লক্ষ্যে ১৩/০২/২০২৩ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে মূলনথি প্রেরণ করা হয়। ভেটিং কার্যক্রম সংক্রান্ত দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত আছে।<br><br>**কারা অধিদপ্তর :**<br>1.The Prisons Act, 1894<br>2.The Bengal Jail Code, 1894<br>3.The Prisoners Act, 1900<br><br>The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২৪" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। এ খসড়ার ওপর ১২/০৩/২০২৩ তারিখ একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত এবং পরবর্তীতে এ বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতের আলোকে খসড়া সংশোধন করা হয় এবং জনমত যাচাইয়ের লক্ষ্যে খসড়াটি ১০/০১/২০২৪ তারিখ পর্যন্ত এ বিভাগের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশ করে রাখা হয়। উক্ত খসড়ার ওপর কিছু মতামত পাওয়া যায়। পরবর্তীতে এ পর্যন্ত সংশোধিত খসড়া পর্যালোচনার লক্ষ্যে ১৩/০২/২০২৪ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। এ সংক্রান্ত ২য় সভা আগামী ২৭/০২/২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকায় আহ্বান করা হয়েছে। | কারা অধিদপ্তরের ৩টি ইংরেজি ভাষায় প্রণীত আইন দ্রুত বাংলায় প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | জেল কোড বিধিমালার খসড়া প্রণয়নের জন্য এ বিভাগ হতে ২৫/০৫/২০২৩ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি বর্তমানে খসড়া প্রণয়নের কাজ করছে। | | |
| ১২ | **বিবিধ : ২৯টি দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং ৪৬টি দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত কার্যক্রম চলমান আছে।**<br><br>গত ২২/০১/২০২৪ তারিখে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত ২৯টি দেশের তালিকা এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br><br>**দেশগুলোর নাম :**<br>**১। অফিসিয়াল ও ডিপ্লোমেটিক পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি-২৬টি দেশ**<br><br>সিঙ্গাপুর, ভিয়েতনাম, মায়ানমার, চিলি, লাওস, বেলারুশ, কম্বোডিয়া, ফিলিপাইন, মালয়েশিয়া, কুয়েত, রাশিয়া, শ্রীলঙ্কা, তুরস্ক, ভারত, চীন, ব্রুনাই, ওমান, ইন্দোনেশিয়া, ব্রাজিল, কাতার, বতসোয়ানা, কসোভো, দক্ষিণ কোরিয়া, সার্বিয়া, আর্জেন্টিনা এবং কাজাখস্তান।<br><br>**২। শুধুমাত্র ডিপ্লোমেটিক পাসপোর্ট হোল্ডারদের জন্য ভিসা অব্যাহতি-২টি দেশ**<br>-জাপান ও থাইল্যান্ড।<br><br>**৩। সকল পাসপোর্টধারীদের জন্য ভিসা অব্যাহতি-১টি দেশ**<br>- মালদ্বীপ (এমপ্লয়মেন্ট ব্যতীত) | ১। যে সকল দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরিত হয়েছে তাদের তালিকা এ বিভাগের ওয়েবসাইটে নিয়মিত আপলোড অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), সুরক্ষা সেবা বিভাগ** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের মাধ্যমে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০২.২৩.১৯৫

তারিখ: ১৪ ফাল্গুন ১৪৩০
২৭ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়



মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব